সমকাল

তারিখ 30 AUG 2016
পৃষ্ঠা 4 কলাম 2

# কলকাতায় বাংলাদেশ বইমেলা ১ সেপ্টেম্বর শুরু

■ সমকাল প্রতিবেদক

আগামী ১ সেপ্টেম্বর পশ্চিমবঙ্গের কলকাতায় শুরু হচ্ছে বাংলাদেশ বইমেলা। জাতীয় গ্রন্থকেন্দ্র ও রফতানি উন্নয়ন ব্যুরোর সহযোগিতায় ও কলকাতার বাংলাদেশ উপ-দূতাবাসের ব্যবস্থাপনায় দশ দিনব্যাপী এ মেলার আয়োজন করছে বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি। ওইদিন বিকেলে মেলার উদ্বোধন করবেন ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান। প্রধান অতিথি থাকবেন পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী ড. পার্থ চট্টোপাধ্যায় ও অতিথি থাকবেন কবি শঙ্খ ঘোষ। এবারের মেলায় বাংলাদেশের মোট ৫০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে।

গতকাল সোমবার তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে বইমেলা নিয়ে এ তথ্য জানান সংস্কৃতি সচিব আকতারী মমতাজ। এ সময় আরও বক্তব্য রাখেন গ্রন্থকেন্দ্রের পরিচালক মো. আক্তারুজ্জামান, জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতির সভাপতি ওসমান গণি ও সহসভাপতি মাজহারুল ইসলাম।

এবারের মেলায় পাঁচটি সেমিনার অনুষ্ঠিত হবে। এগুলো হলো– 'বাঙালি জাতি ও জাতীয় নায়ক', 'গ্রন্থ সেতুনির্মাণ : লেখক, পাঠক, প্রকাশক ও নীতিনির্ধারকদের ভূমিকা', 'লালন সঙ্গীত', 'প্রকাশনায় নারী' এবং 'দুই বাংলার শিশুসাহিত্য : রহস্য, রোমাঞ্চ ও অ্যাডভেঞ্চার'। মেলার সাংস্কৃতিক আয়োজনে সঙ্গীত পরিবেশন করবেন লালন সঙ্গীতশিল্পী ফরিদা পারভীন, মেহের আফরোজ শাওনসহ রাজ্যে বসবাসরত বাংলাদেশি ও পশ্চিমবঙ্গের শিল্পীরা। এ ছাড়া বাংলাদেশ ও ভারতের কবিরা কবিতা আবৃত্তি করবেন।